

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৭১.০৮৮.২৩ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগার বিভাগের অধীনে Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services on two sides of clarifier building শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগার বিভাগের অধীনে Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services on two sides of clarifier building শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২/৮/২৩ ১:০৭ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগারটি প্রত্যন্ত অঞ্চলে অধিগ্রহণকৃত ভূমি উন্নয়ন করে নির্মাণ করা হয় ফলে নতুন এই প্ল্যাটে এখনো গাছপালা তথা সবুজ আচ্ছাদন না থাকায় বিশেষ করে গ্রীষ্মকালে অত্যধিক গরম অনুভূত হয়। এছাড়া জলবায়ু পরিবর্তনজনিত বৈশ্বিক উষ্ণায়নের ফলে অত্যধিক গরমে বাইরে কাজ করা দুঃসাধ্য ব্যাপার। প্রকল্পের আওতায় উন্মুক্ত স্থানে ঘাস লাগানো হলেও বৃক্ষরোপণ করা হয়নি বিধায় অত্র বিভাগের অধীনে মান্ডার প্ল্যান প্রণয়ন করে সমগ্র প্ল্যাণ্টের সৌন্দর্য্যবর্ধন এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণ, ঘাস লাগানোসহ নিয়মিত পরিচর্যা করা হয়ে থাকে। ইতোমধ্যে বিভিন্ন প্রজাতির ৪০ সহস্রাধিক জল ও বৃক্ষরোপণ করা হয়েছে এবং সম্পূর্ণ জায়গায় ঘাস লাগানো হয়েছে; যাতে নিয়মিত পানি ও সার দেওয়ার সহ পরিচর্যা করার জন্য লোকবল নিয়োজিত আছে। বর্তমানে হোস পাইপের মাধ্যমে গার্ডেনারগণ পানি ছিটিয়ে থাকেন। এতে যেমন অত্যধিক সময়ের প্রয়োজন হয় তেমনি পরিশ্রম সাপেক্ষ বিধায় সকল গাছ ও স্থানে নিয়মিত পানি ছিটানো সম্ভব হয়না। নিয়মিত ও সুসমভাবে পানি দেওয়ার নিমিত্ত স্বয়ংক্রিয়ভাবে সেচের জন্য প্রয়োজনীয় ফিটিংসসহ স্প্রিংকলার সিস্টেম স্থাপন করা প্রয়োজন। সমগ্র প্ল্যাণ্টের সৌন্দর্য্যবর্ধনের জন্য প্রণীত মান্ডার প্ল্যানের আওতায় এযাবৎ আবাসিক এলাকা ও অফিস বিল্ডিং সংলগ্ন বাগানে স্প্রিংকলার সিস্টেম স্থাপন করা হয়েছে (ক্রমিক নং-১ দ্রষ্টব্য)। এই পর্যায়ে ক্লারিফায়ার সংলগ্ন বাগানে স্প্রিংকলার সিস্টেম স্থাপনের জন্য Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services on two sides of clarifier building কাজটি বাস্তবায়নের অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনাভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-২ দ্রষ্টব্য)।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২/৮/২৩ ১:০৯ অপরাহ্ন


WTP কম্পাউন্ডের ক্লারিফায়ার বিল্ডিং এর দুইপাশে রোপিত বৃক্ষ ও ঘাসের পরিচর্যায় নিয়মিত পানি ছিটানোর নিমিত্ত স্বয়ংক্রিয়ভাবে সেচের জন্য স্প্রিংকলার স্থাপন এবং অন্যান্য ফিটিংস সংগ্রহের লক্ষ্যে পূর্বানুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং-৩ ও ৪ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৬.২৪,৯৬,৫২৪.৫৪১/= (টাকা চব্বিশ লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত চব্বিশ দশমিক পাঁচ চার এক মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৯৭, প্যাকেজ নং- APP/23-24/G/61) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে। আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারধীন।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ১) Drawing for Landscaping.pdf
- ২। ২) অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা ২৩-২৪.pdf
- ৩। ৩) পূর্বানুমোদিত দর।pdf
- ৪। ৪) প্রাক্কলন.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২/৮/২৩ ১:০৯ অপরাহ্ন

উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারের সৌন্দর্য্যবর্ধন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় শোধনাগারের ক্লারিফায়ার বিল্ডিং এর চারপাশে রোপিত বৃক্ষ ও ঘাসের পরিচর্যায় নিয়মিত পানি ছিটানোর নিমিত্ত Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services on two sides of clarifier building কাজের অনুকূলে প্রাক্কলিত ৬.২৪,৯৬,৫২৪.৫৪১/= (টাকা চব্বিশ লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত চব্বিশ দশমিক পাঁচ চার এক মাত্র) টাকার ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৯৭, প্যাকেজ নং- APP/23-24/G/61) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাব সদয় প্রশাসনিক, কারিগরি ও আর্থিক অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হল।

			
২/৮/২৩ ১:৪২ অপরাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২/৮/২৩ ২:০৭ অপরাহ্ন মোহাম্মদ সোহেল রানা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পদ্মা পানি শোধনাগার	২/৮/২৩ ৯:০৭ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২/৮/২৩ ৯:০৭ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৩/৮/২৩ ৭:৩৬ পূর্বাহ্ন


Forwarded for kind approval of paragraph:1.2

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

	
৩/৮/২৩ ৭:৩৭ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩/৮/২৩ ৭:৩৭ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩/৮/২৩ ১১:৩০ পূর্বাহ্ন

অনুমোদিত

	
৩/৮/২৩ ১১:৩০ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩/৮/২৩ ১১:৩০ পূর্বাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৫/৮/২৩ ৯:৪৮ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা করুন। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।

			
৫/৮/২৩ ৯:৫০ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৪/৮/২৩ ১২:৫১ পূর্বাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৪/৮/২৩ ১০:২১ পূর্বাহ্ন মোহাম্মদ সোহেল রানা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পদ্মা পানি শোধনাগার	১৪/৮/২৩ ১০:২১ পূর্বাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা